# মডেল টেস্ট- ১

## ইসলাম ও নৈতিক শিক্ষা

সময়— ২ ঘণ্টা ৩০ মিনিট; পূর্ণমান— ১০০

*[দ্রষ্টব্য : দক্ষিন পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক।]*

১. **সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ:** ১ × ৫০ = ৫০

১. **আমরা সুখে দুঃখে মহান আল্লাহর উপর ভরসা করি। কারণ আল্লাহ—**
ক. সর্বদ্রষ্টা খ. সর্বশ্রোতা
গ. রিজিকদাতা ঘ. সর্বশক্তিমান

২. **আমাদের মাথার ওপরের সুনীল আকাশ, প্রখর সূর্য নিজে নিজে সৃষ্টি হয় নি। এগুলো কে সৃষ্টি করেছেন?**
ⓚ মানুষ খ. প্রকৃতি
গ. আল্লাহ ঘ. সৌরজগৎ

৩. **মানুষ অন্যায় করার পর অনুতপ্ত হলে আল্লাহ তাকে কী করেন?**
ক. স্মরণ করেন খ. ক্ষমা করেন
গ. শাসন করেন ঘ. ত্যাগ করেন

৪. **তুমি একটি ভয়ানক পাপের কাজ করেছ। তুমি এখন কী করবে?**
ক. নিজেকে শাস্তি দিব
খ. গরিবকে দান-সদকাহ করব
গ. ঘর-সংসার ছেড়ে চলে যাব
ঘ. আল্লাহর কাছে অনুতপ্ত হয়ে ক্ষমা চাইব

৫. **মাঠভরা ধান, গাছ-গাছালি, নদ-নদী ইত্যাদি কী প্রমাণ করছে?**
ক. পৃথিবীর সৌন্দর্য খ. মহান আল্লাহর অস্তিত্ব
গ. পৃথিবীর মহাপ্রলয় ঘ. পৃথিবীর অস্তিত্ব

৬. **"আল্লাহর সৃষ্ট পানির মাধ্যমে সমগ্র সৃষ্টি উপকৃত হয়।"— এতে আল্লাহর কোন গুণ প্রকাশ পায়?**
ⓚ ক্ষমতাশীলতা খ. সহনশীলতা
গ. পালনকর্তা ঘ. রিযিকদাতা

৭. **আমরা কখনও মিথ্যা সাক্ষ্য দেব না, কারণ—**
ক. আল্লাহ সব শোনেন খ. জরিমানা হতে পারে
গ. নিজের ক্ষতি হবে ঘ. লোকে মন্দ বলবে

৮. **তোমার সহপাঠী তোমার পেন্সিলটি ভেঙে ফেলল। এখন তুমি কী করবে?**
ⓚ মারধর করবে খ. কান্নাকাটি করবে
গ. বাবার কাছে নালিশ করবে
ঘ. ক্ষমা করে দেবে

৯. **আল্লাহ তায়ালার সত্তা ও গুণাবলি সম্পর্কে সার্বিক জ্ঞান না রাখলে আমরা কী ধরনের সমস্যায় পড়ব?**
ক. আল্লাহর আনুগত্য করতে পারব না
খ. আল্লাহর ক্ষমতা অর্জন করতে পারব না
গ. সৃষ্টির অন্তর্ভুক্ত হতে পারব না
ঘ. আমরা বিপদগ্রস্ত হবো

১০. **তুমি একটি অন্যায় কাজ করে ফেলেছ কিন্তু তোমার মাকে বলেছ কাজটি তুমি করোনি। এক্ষেত্রে এটি কার কাছে গোপন থাকবে না?**
ⓚ মায়ের কাছে খ. বন্ধুদের কাছে
গ. বাবার কাছে ঘ. আল্লাহর কাছে

১১. **আল্লাহর অনুগত বান্দা হয়ে গড়ে উঠার জন্য প্রথমেই তোমার হওয়া উচিত—**
ক. আমানতদার খ. সত্যবাদী
গ. দেশপ্রেমী ঘ. ইমানদার

১২. **দিন-রাত চব্বিশ ঘণ্টা আল্লাহর ইবাদত করা সম্ভব। এ ক্ষেত্রে কী করণীয়?**
ক. সর্বদা কাজে ব্যস্ত থাকা
খ. নফল নামায আদায় করা
গ. প্রতি কাজের শুরুতে বিসমিল্লাহ বলা
ঘ. প্রতি কাজের শুরুতে আলহামদুলিল্লাহ বলা

১৩. **রাকিব তার অন্ধ বন্ধু ফাহিমকে রাস্তা পার করে দিল। রাকিবের এ কাজটি কীসের শামিল?**
ক. আখলাকের খ. ইবাদতের
গ. ইমানের ঘ. ইসলামের

১৪. **নামাজের সময় চলে যাচ্ছে কিন্তু তোমার বাসার নলকূপে পানি নেই। এ অবস্থায় তুমি কীভাবে পবিত্রতা অর্জন করবে?**
ক. তায়াম্মুমের মাধ্যমে খ. ওযুর মাধ্যমে
গ. গোসলের মাধ্যমে ঘ. তাহারাতের মাধ্যমে

১৫. **তুমি সব সময় পরিষ্কার-পরিচ্ছন্ন থাক। এর ফলে কী হবে?**
ক. অধিক রাত জাগতে পারবে
খ. বেশি পরিশ্রম করতে পারবে
গ. শরীর সুস্থ থাকবে
ঘ. সবার সহযোগিতা লাভ করবে

১৬. **তুমি নামাজের একটি ওয়াজিব পালন করতে ভুলে গেলে। এ অবস্থায় তুমি সাহু সিজদাহ কখন দেবে?**
ক. প্রথম বৈঠকে খ. তাশাহহুদ পড়ার পর
গ. দরুদ পড়ার পর ঘ. দোয়া মাসুরা পড়ার পর

১৭. **চার রাকাত বিশিষ্ট সালাতে তুমি ভুলে দ্বিতীয় রাকাতের বৈঠকে বস নাই। মনে হওয়ার পর তুমি কী করবে?**
ক. সাহু-সিজদাহ করব
খ. এক রাকআত বেশি পড়ব
গ. পুনরায় সালাত আদায় করব
ঘ. সালাম ফিরিয়ে সালাত শেষ করব

১৮. **শিক্ষক ছাত্রদেরকে ইসলামের পাঁচটি রুকন সম্পর্কে বললেন। অতঃপর তাদের জিজ্ঞাসা করলেন ২য় রুকন কোনটি? ছাত্ররা উত্তরে কী বলবে?**
ক. ইমান খ. সালাত
গ. যাকাত ঘ. হজ

১৯. **তোমার বাবা রমযান মাসে এশার সালাতের সাথে অতিরিক্ত বিশ রাকআত সালাত আদায় করেন। উক্ত সালাতের নাম কী?**
ক. কসর সালাত খ. ফরজ সালাত
গ. তারাবিহর সালাত ঘ. সুন্নত সালাত

২০. **আকিকার উদ্দেশ্য কী হওয়া উচিত?**
ক. হালাল পশু জবাই করা
খ. আল্লাহর সন্তুষ্টি লাভ
গ. আত্মীয়দের খাওয়ানো
ঘ. প্রতিবেশীদের সাথে সুসম্পর্ক

http://teachingbd.com

২১. ভিন্নধর্মী প্রতিবেশীদের সাথে সহাবস্থানে বসবাস করা–
ক. সাংস্কৃতিক রীতি খ. সামাজিক প্রথা
গ. ইসলামিক বিধান ঘ. পারিবারিক প্রথা

২২. পাখির বাসা থেকে একটি বাচ্চা পড়তে দেখলে তুমি কী করবে?
ক. খাঁচায় রাখবো
খ. খাবার দিবো
গ. পাখির বাসায় রেখে দিবো
ঘ. অন্যকে পোষতে দিবো

২৩. জনাব 'ক' ভিক্ষা করে দিনাতিপাত করে। তুমি জনাব 'ক'-এর মতো লোকদের প্রতি কীরূপ আচরণ করবে?
ক. খাদ্য দিবে খ. বস্ত্র দিবে
গ. আশ্রয় দিবে ঘ. সাহায্য করবে

২৪. একটি বিড়ালছানা পানিতে পড়ে গেলে আব্দুল আলিম পানি থেকে উদ্ধার করে। আব্দুল আলিমের এ কাজটি কীসের অন্তর্ভুক্ত?
ক. প্রশংসনীয় কাজ খ. অনুসরণীয় কাজ
গ. সৃষ্টির সেবা ঘ. সামাজিক মূল্যবোধ

২৫. কাফেরদের অত্যাচার বেড়ে যাওয়ায় মহানবি (স) মক্কা ত্যাগ করার সিদ্ধান্ত নেন। তিনি মক্কা থেকে কোথায় গিয়েছিলেন?
ক. মদিনায় খ. ইয়েমেনে
গ. বাগদাদে ঘ. কুফায়

২৬. তুমি কোনো এক নগরের বাসিন্দা। তুমি কীভাবে দেশের সেবা করবে?
ক. সারাদেশে বৃক্ষ রোপণ করে
খ. নগরের পরিবেশ পরিচ্ছন্ন রেখে
গ. দেশের মানুষকে ভালোবেসে
ঘ. বিদ্যুৎ, পানি ও গ্যাসের অপচয় রোধ করে

২৭. হাসিবা তার ঘরের বিড়ালটিকে লাঠি দিয়ে আঘাত করে। এতে প্রকাশ পেয়েছে—
ক. সৃষ্টির অমর্যাদা খ. জীবের প্রতি নিষ্ঠুরতা
গ. কঠোর মনোভাব ঘ. অন্যায় আচরণ

২৮. জামিল প্রতিদিন সকালে শুদ্ধ ও সুন্দর করে কুরআন তিলাওয়াত করে। তার এ তিলাওয়াতকে কী বলে?
ক. গুন্নাহ সহকারে তিলাওয়াত
খ. নাযিরা তিলাওয়াত
গ. তাজবিদ সহকারে তিলাওয়াত
ঘ. মাদ্দ সহকারে তিলাওয়াত

২৯. কিয়ামত পর্যন্ত কুরআন মজিদ অবিকৃত থাকবে। এ মহান গ্রন্থকে বিকৃতির হাত থেকে রক্ষা করবেন কে?
ক. হাফিজগণ খ. নবি-রাসুলগণ
গ. মহান আল্লাহ তায়ালা ঘ. ফেরেশতাগণ

৩০. শুদ্ধভাবে কুরআন মজিদ তিলাওয়াতের নিয়মকে তাজবিদ বলে। এতে কীসের বিবরণ থাকে?
ক. সালাতের খ. সাওমের
গ. মাখরাজের ঘ. আসমানি কিতাবের

৩১. শিক্ষক সাকিবকে বললেন, কণ্ঠনালির শেষ অংশ থেকে উচ্চারিত হরফগুলো বলো। তখন সে কোন হরফগুলো বলবে?
ক. ء - ه খ. ع - ح
গ. غ - خ ঘ. د - ذ

৩২. কুরআন তিলাওয়াতের সময় তাশদীদযুক্ত ن ও م (মীম ও নূন) আসলে তুমি কী করবে?
ক. ধীরে পড়বে খ. জোরে পড়বে
গ. গুন্নাহ করবে ঘ. থেমে যাবে

৩৩. হযরত মুহাম্মদ (স.) এর আদর্শে অনুপ্রাণিত হয়ে আমাদের যুব-সমাজ নিচের কোন কাজটি করা উচিত?
ক. আইয়ামে জাহেলিয়া যুগ চালু করা
খ. হারবুল ফিজার চালু করা
গ. উকাজ মেলা চালু করা
ঘ. হিলফুল ফুযুল এর ন্যায় সংঘ চালু করা

৩৪. তায়েফের ঘটনার দৃষ্টান্ত ইতিহাসে বিরল কেন? কারণ হযরত মুহাম্মদ (স.) আঘাতের জবাবে—
ক. প্রত্যাঘাত করলেন খ. প্রতিবাদ করলেন
গ. বদদোয়া করলেন ঘ. দোয়া করলেন

৩৫. রবিউল আউয়াল মাসের ১২ তারিখ সোমবার মক্কার বিখ্যাত কুরাইশ বংশে এক মহামানব জন্মগ্রহণ করেন। এ মহামানব কে?
ক. হযরত ইবরাহীম (আ) খ. হযরত মূসা (আ)
গ. হযরত ঈসা (আ) ঘ. হযরত মুহাম্মদ (স)

৩৬. মহানবি (স)-এর জন্মের ৬ বছর পরে মাতা আমিনা ইন্তেকাল করেন। আট বছর বয়সে দাদাও মারা যান। এমতাবস্থায় তিনি কার আশ্রয়ে বেড়ে ওঠেন?
ক. আবু জাহেল খ. আবু লাহাব
গ. আবু তালিব ঘ. আমির হামযা

৩৭. হযরত মুহাম্মদ (স.) কে আরববাসী আল-আমিন নামে ডাকত কেন?
ক. বিশ্বাসী ছিলেন খ. নাম আল-আমিন
গ. ব্যবহার ভালো ছিল ঘ. দেখতে সুন্দর ছিলেন

৩৮. নবুয়তের একাদশ সনে মহানবি (স) মিরাজ গমন করেন। সেখানে গমনকালে মহানবি (স) বায়তুল মুকাদ্দাসে কার সান্নিধ্য লাভ করেন?
ক. তাঁর পিতামাতার খ. স্ত্রী খাদিজা (রা)-এর
গ. পূর্ববর্তী নবিগণের ঘ. আল্লাহ তায়ালার

৩৯. কুসুমপুর এলাকায় নারীদের সাথে দাসীদের মতো ব্যবহার করা হয়। এখানে কোন যুগের বৈশিষ্ট্য বিদ্যমান?
ক. প্রাচীন যুগের খ. জাহেলিয়া যুগের
গ. ইসলাম পরবর্তী যুগের ঘ. মধ্যযুগের

৪০. মহানবি (স) প্রায় বিনাবাধায় মক্কা জয় করেন। এ বিজয়ের পর তিনি মক্কাবাসীকে কিরূপ শাস্তি দিলেন?
ক. সবাইকে প্রস্তরাঘাত করে রক্তাক্ত করলেন
খ. মক্কাবাসীকে মক্কা থেকে বিতাড়িত করলেন
গ. মক্কাবাসীর সম্পদ ছিনিয়ে নিলেন
ঘ. সবাইকে ক্ষমা করে দিলেন

৪১. কবরের সওয়াল জওয়াব সহজ হবে কীভাবে?
ক. শিক্ষকের কথা শুনে
খ. গুণিজনকে অনুকরণ করে
গ. নবি-রাসুলের পথে চলে
ঘ. পিতা-মাতাকে অনুসরণ করে

৪২. নেক কাজ বেশি হলে হাশরের দিন ফায়সালা হবে—
ক. কবরে শান্তি খ. পুলসিরাত
গ. জাহান্নাম ঘ. জান্নাত

Teachingbd.com

৪৩. আমরা সকলেই আল্লাহর ইবাদত করি। আল্লাহর ইবাদতের পর আমাদের প্রথম দায়িত্ব কোনটি?
ক. সাওম পালন করা খ. মানুষের সেবা করা
গ. পরিষ্কার-পরিচ্ছন্ন থাকা
ঘ. নিজেদের কাজে মনোযোগী হওয়া

৪৪. একটি উড়ন্ত পাখি হঠাৎ আঘাত পেয়ে তোমার বাড়ির উঠানে এসে পড়ে গেল। তুমি পাখিটিকে তুলে নিয়ে যত্ন করে সুস্থ করে তুললে। এরপর তোমার উচিত হবে—
ক. পাখিটিকে বন্দি করে রাখা
খ. পাখিটিকে ছেড়ে দেওয়া
গ. পাখিটিকে রান্না করে খেয়ে ফেলা
ঘ. পাখিটি কাউকে উপহার দেওয়া

৪৫. হযরত মহানবি (স.) সেবার মূর্ত প্রতীক কেন?
ক. মৃত ব্যক্তিকে জীবিত করতেন
খ. কুষ্ঠ রোগীকে ভাল করতেন
গ. অন্ধকে ভাল করতেন
ঘ. সকল সৃষ্টির প্রতি সদয় ছিলেন

৪৬. 'তোমরা পিতা-মাতার সাথে সদ্ব্যবহার কর।' কথাটি কে বলেছেন?
ক. নবি-রাসুলগণ খ. আল্লাহ তাআলা
গ. হযরত মুহাম্মদ (স.) ঘ. ফেরেশতারা

৪৭. কুরআন মাজিদে গুন্নাহর গুরুত্ব অপরিসীম কেন?
ক. আমাদের দম কিভাবে নিতে হবে নির্দেশ করে
খ. কিভাবে তিলাওয়াত করতে হবে নির্দেশ করে
গ. কুরআনকে মুখস্থ করতে সাহায্য করে
ঘ. কুরআনকে দেখতে সুন্দর করে বলে

৪৮. মাখরাজ কয়টি?
ক. পনেরোটি খ. সতেরোটি
গ.উনিশটি ঘ. একুশটি

৪৯. হযরত নূহ (আ.) এর নৌকা কোন পাহাড়ে থেমেছিল?
ক. ইয়ালাম পাহাড়ে খ. উহুদ পাহাড়ে
গ. জুদি পাহাড়ে ঘ. সাফা পাহাড়ে

৫০. হযরত নূহ (আ.) এর সময় মহাপ্লাবন হয়েছিল—
ক. মানুষকে ভয় দেখানোর জন্য
খ. কাফেরদের আযাব দেওয়ার জন্য
গ. বাদশাহী প্রতিষ্ঠার জন্য
ঘ. শহরের ময়লা আবর্জনা পরিষ্কার করার জন্য

২. নিচের প্রশ্নগুলোর উত্তর সংক্ষেপে উত্তরপত্রে লেখ: ১× ১৫ = ১৫

ক. মুসলিমরা আল্লাহর দেওয়া বিধি-বিধান পালন করেন। তাঁর এ বিধি-বিধান কোথায় আছে?
খ. কোনো সময় শীত, কোনো সময় গরম এসব কে দেন?
গ. আল্লাহর চরম অনুগত্যের পরিচয় দিতে তুমি কোন ইবাদত করবে?
ঘ. আল্লাহ জিন ও মানবজাতিকে সৃষ্টি করেছেন। এ দুটি জাতিকে তিনি কেন সৃষ্টি করেছেন?
ঙ. মনে কর তোমাকে কেউ নির্যাতন করল, রাসুল (স) এর আদর্শ অনুযায়ী তুমি তার প্রতি কেমন আচরণ করবে?
চ. কোনো অন্যায় কাজ হতে দেখলে আমাদের কী করা উচিত?
ছ. আমরা কেন কুরআন তেলাওয়াতের সময় ওয়াকফ করব?
জ. মহান আল্লাহ ১০৪ খানা আসমানি কিতাব নাজিল করেছেন। এর মধ্যে কোন কিতাব কোনো পরিবর্তন হয়নি এবং হবেও না?
ঝ. আমাদের নবির নাম হযরত মুহাম্মদ (স)। তিনি কোথায় জন্মগ্রহণ করেন?
ঞ. দীর্ঘ ২৩ বছরে কুরআন নাজিল হয়। এতে কতজন নবির নাম উল্লেখ আছে?
ট. হালিম শব্দের অর্থ কী?
ঠ. নবি-রাসুলগণের মূল শিক্ষা কয়টি?
ড. সালাতের আহকাম কয়টি?
ঢ. মানবাধিকার কাকে বলে?
ণ. গুন্নাহ করা কী?

৩. ক থেকে জ-এর মধ্যে ৬টি প্রশ্নের উত্তর এবং ঝ ও ঞ থেকে ১টি প্রশ্নের উত্তর দাও: ৫ × ৭ = ৩৫

ক. কেউ মারা গেলে আমরা কবর দিই। তারপর শুরু হয় আখিরাতের জীবন। এ জীবনের প্রথম ধাপ কোনটি? প্রথম ধাপে কী প্রশ্ন করা হবে? এ জীবনের চূড়ান্ত পরিণতি কী? ১+৩+১=৫
খ. তুমি হযরত মুহাম্মদ (স) এর নির্দেশ অনুসরণ করে আখিরাতের ওপর ইমান আনার সিদ্ধান্ত নিলে। এ সংক্রান্ত যে বিষয়গুলোর ওপর তোমাকে ইমান আনতে হবে তার মধ্যে পাঁচটি লেখ। ৫
গ. তোমার বাবা প্রতিদিন মসজিদে গিয়ে এক সাথে সারিবদ্ধভাবে সালাত আদায় করেন। এভাবে সালাত আদায় করাকে কী বলে? এভাবে সালাত আদায় করার ৪টি সুফল লেখ। ১+৪=৫
ঘ. আমাদের চারপাশে যা কিছু আছে এ সবকিছু নিয়েই আমাদের পরিবেশ। এর সংরক্ষণ করা প্রয়োজন কেন? আমরা কীভাবে তা করতে পারি চারটি বাক্যে লেখ। ১+৪=৫
ঙ. আমাদের মহানবি (স) তাঁর জন্মভূমি মক্কা নগরীকে খুব ভালোবাসতেন। তাঁর এ ভালোবাসাকে কী বলে? তাঁর ভালোবাসা সম্পর্কে ৪টি বাক্য লেখ। ১+৪=৫
চ. শুদ্ধ করে কুরআন তিলাওয়াতের জন্য কতগুলো বিরামচিহ্ন ব্যবহার করা হয়। এ বিরামচিহ্নগুলোকে কী বলা হয়? কে সর্বপ্রথম এগুলো ব্যবহার করেন? তিনটি বিরামচিহ্নের পরিচয় দাও। ১+১+৩=৫
ছ. আমার বাবা এমন একটি সূরার অর্থ পড়ছিলেন, যে সূরায় হাতিওয়ালাদের কাহিনী আছে। এ সূরার নাম কী? এ সূরার আয়াত সংখ্যা কত? এ সূরার প্রথম ৩ আয়াতের অর্থ লেখ। ১+১+৩=৫
জ. পাখির কিচিরমিচির ডাক শুনে দাদু নাতিকে বললেন, এদের ভাষা আমরা না বুঝলেও আমাদের এক নবি বুঝতেন। তিনি কোন নবির কথা বললেন? তিনি কার পুত্র ছিলেন? তাঁর ৩টি গুণ বর্ণনা কর। ১+১+৩ = ৫
ঝ. ইসলামের দ্বিতীয় রোকনের নাম কী? কীভাবে সালাত অশ্লীলতা ও খারাপ কাজ থেকে বিরত রাখে? চারটি বাক্যে লেখ। ১+৪=৫
ঞ. আল্লাহর কাছে ক্ষমা চাওয়ার পাঁচটি উপায় লেখ। ৫

Teachingbd.com

# উত্তরমালা

১. ১. ঘ. সর্বশক্তিমান; ২. গ আল্লাহ; ৩. খ ক্ষমা করেন; ৪. ঘ আল্লাহর কাছে অনুতপ্ত হয়ে ক্ষমা চাইব; ৫. খ. মহান আল্লাহর অস্তিত্ব; ৬. গ পালনকর্তা; ৭. ক. আল্লাহ সব শোনেন; ৮. ঘ ক্ষমা করে দেবে; ৯. ক. আল্লাহর আনুগত্য করতে পারব না; ১০. ঘ আল্লাহর কাছে; ১১. ঘ. ইমানদার; ১২. গ. প্রতি কাজের শুরুতে বিসমিল্লাহ বলা; ১৩. খ. ইবাদতের; ১৪. ক. তায়াম্মুমের মাধ্যমে; ১৫. গ. শরীর সুস্থ থাকবে; ১৬. খ. তাশাহহুদ পড়ার পর; ১৭. ক. সাহু-সিজদাহ্ করব; ১৮. খ. সালাত; ১৯. গ. তারাবিহর সালাত; ২০. খ. আল্লাহর সন্তুষ্টি লাভ; ২১. গ. ইসলামিক বিধান; ২২. গ. পাখির বাসায় রেখে দিবো; ২৩. ঘ. সাহায্য করবে; ২৪. গ. সৃষ্টির সেবা; ২৫. ক. মদিনায়; ২৬. ঘ. বিদ্যুৎ, পানি ও গ্যাসের অপচয় রোধ করে; ২৭. খ. জীবের প্রতি নিষ্ঠুরতা; ২৮. গ. তাজবিদ সহকারে তিলাওয়াত; ২৯. গ. মহান আল্লাহ তায়ালা; ৩০. গ. মাখরাজের; ৩১. গ. خ - غ; ৩২. গ. গুনাহ করবে; ৩৩. ঘ. হিলফুল ফুযুল এর ন্যায় সংঘ চালু করা; ৩৪. ঘ. দোয়া করলেন; ৩৫. ঘ. হযরত মুহাম্মদ (স); ৩৬. গ. আবু তালিব; ৩৭. ক. বিশ্বাসী ছিলেন; ৩৮. গ. পূর্ববর্তী নবিগণের; ৩৯. খ. জাহেলিয়া যুগের; ৪০. ঘ. সবাইকে ক্ষমা করে দিলেন; ৪১. গ. নবি-রাসুলের পথে চলে; ৪২. ঘ. জান্নাত; ৪৩. খ. মানুষের সেবা করা; ৪৪. খ. পাখিটিকে ছেড়ে দেওয়া; ৪৫. ঘ. সকল সৃষ্টির প্রতি সদয় ছিলেন; ৪৬. খ. আল্লাহ তাআলা; ৪৭. খ. কিভাবে তিলাওয়াত করতে হবে নির্দেশ করে; ৪৮. খ. সতেরোটি; ৪৯. গ. জুদি পাহাড়ে; ৫০. খ. কাফেরদের আযাব দেওয়ার জন্য।

২. ক. আল্লাহর বিধি-বিধান আছে কুরআন মাজিদে।
খ. আল্লাহ তায়ালা।
গ. সালাত আদায় করব।
ঘ. আল্লাহ জিন ও মানবজাতিকে সৃষ্টি করেছেন তাঁর ইবাদতের জন্য।
ঙ. রাসুল (স)-এর আদর্শ অনুযায়ী আমি তাকে ক্ষমা করে দেব।
চ. আমাদের প্রতিবাদ করা উচিত।
ছ. কুরআন মজিদ শুদ্ধ তিলাওয়াতের জন্য।
জ. কুরআন মজিদ।
ঝ. হযরত মুহাম্মদ (স) মক্কায় জন্মগ্রহণ করেন।
ঞ. আল-কুরআনে ২৫ জন নবির নাম উল্লেখ আছে।
ট. হালিম শব্দের অর্থ— অতি সহনশীল।
ঠ. ৬টি।
ড. সালাতের আহকাম ৭টি।
ঢ. মানুষের অধিকারকে মানবাধিকার বলা হয়
ণ. গুনাহ করা ওয়াজিব

Teachingbd.com